[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[

আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন কোটচাঁদপুর ফুটবল একাদশের অধিনায়ক আনোয়ার হোসাইন। খেলায় দুটি গোলই করেন কোটচাঁদপুর একাদশের ১০ নম্বর জার্সি পরিহিত খেলোয়াড় সাকিম।

খেলা শেষে সেরা খেলোয়াড়-এর হাতে পুরস্কার তুলে দেন, ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন ও সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

খেলাটির আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব।

কালীগঞ্জে মাদরাসায় বই বিতরণ

ঝিনাইদহের কালীগঞ্জে শোয়াইবনগর কামিল মাদ্রাসার লাইব্রেরির জন্য কিতাব প্রদান করা হয়েছে।

সরাকারী বাংলা কলেজের সমাজকর্ম বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড.শাহেনার বেগম এর উদ্দোগে এ সকল বই প্রদান করা হয়।

বই প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ – ৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মাদ্রাসার প্রতিষ্ঠাতা সুপার মওলানা মোমেনত, সলিমুন্নেছা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা এবং অত্র মাদ্রাসার অধ্যক্ষ, শিক্ষক মন্ডলী।

প্রধান অতিথির বক্তব্যে আনোয়ারুল আজীম আনার বলেন, বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। সকলকে ধর্মীয় শিক্ষার পাশাপাশি আধুনিক শিক্ষায় শিক্ষিত হওয়ার জন্য বিশেষ ভাবে বলেন।

উল্লেখ্য ইতোপূর্বে ড. শাহেনারা বেগম কালীগঞ্জের বিভিন্ন মাদ্রাসায় বিভিন্ন দেশ থেকে সংগ্রহ করা ইসলামী গবেষণা কিতাব বিতরণ করেন।

জীবননগর সীমান্তে প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন

জীবননগরে সীমান্ত প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। গতকাল শনিবার বেলা ১২টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের হরিপুর গ্রামে এ প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করা হয়।

৪নং সীমান্ত ইউপি চেয়ারম্যান মঈন উদ্দীন ময়েনের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাজী আঃ মালেক মোল্লা, জীবননগর ডিগ্রী কলেজের প্রভাষক মতিয়ার রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের প্রভাষক আতাউর রহমান রাসেল, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মধু,

সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর শুকুর ,আওয়ামী লীগ নেতা রফিকুল ইসলাম পচা, আজিজুর রহমান, সীমান্ত ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়রাম্যান আব্দুল কাদের, ইউপি সদস্য ইমাদ আলী, আঃ সালাম, আয়ুব আলী, সাবেক শিক্ষক শওকত আলী, মুসলেহ উদ্দিন, নাজমুল আরেফিন, সোহেল রানা, সাদিয়া সুলতানা প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন মাওলানা আনিসুর রহমান।

ভূমিহীনদের আশ্রয়ণের জন্য বরাদ্দকৃত জমি পরিদর্শন করলেন ইএনও

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষ্যে আশ্রয়ণ -২ প্রকল্পের অধীন “ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য গৃহ নির্মাণ

কর্মসূচি” এর আওতায় ভূমিহীনদের মাঝে ঘর করে দেবার জন্য খাস জমি পরিদর্শন এবং পুনরদ্ধার করা হয়।

শনিবার সকালে বারোবাজার ও মালিয়াট ইউপির খাস জমি পরিদর্শন করেন কালীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা সুবর্ণা রানী সাহা। এ সময় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, সার্ভেয়ার, সংশ্লিষ্ট ইউপি সদস্য, সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তাসহ এলাকাবাসী উপস্থিত ছিলেন।

এর পূর্বে গত কয়েক দিন যাবৎ কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউপিতে বরাদ্দকৃত খাস জমি পরিদর্শন ও পুনরুদ্ধার কার্যক্রম পরিচালনা করে আসছে উপজেলা প্রসাশন।

মেহরেপুরে মরহুম মোখলেছুর রহমান স্মৃতিফুটবলে ফাইভ স্টার চ্যাম্পিয়ন

মরহুম মোখলেছুর রহমান স্মৃতি মিনি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে মেহেরপুর হোটেল বাজার শহীদ আরজ সড়ক মিনি ফুটবল মাঠে ফাইনাল খেলায় একদিকে অংশগ্রহণ করে ফাইভ স্টার অন্যদিকে সিএনএন ইন্টারন্যাশনাল।

৪৫ মিনিটের ফাইনাল খেলায় ফাইভ স্টার ২-১ গোলে জয়লাভ করে। ফাইভ স্টারের হয়ে মেহেরাব হোসেন ১ টি ও সরফরাজ ১টি, সিএনএন ইন্টারন্যাশনাল এর হয়ে আতিয়ার রহমান একটি গোল করে। পরে সেখানে পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মেহেরপুর জেলা ইয়ুথ জার্নালিস্ট ফোরামের সাধারণ সম্পাদক মুজাহিদ মুন্নার সঞ্চালনায়, অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর হোটেল বাজারের সাবেক ফুটবলার আনসারুল শেখ, মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সাবেক যুগ্ম-সাধারণ

সম্পাদক শামিমুল ইসলাম, মেহেরপুর পৌরসভার ৮ নং ওয়ার্ড কাউন্সিলর পদপ্রার্থী আব্দুস সাত্তার মুক্তা। পরে সেখানে বিজয়ী ও পরাজিত খেলোয়ারদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

কালীগঞ্জে বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত

ঝিনাইদহের কালীগঞ্জে বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত হয়েছে এবং একই সাথে কালীগঞ্জ ডায়াবেটিক সমিতির ৬ষ্ট প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

শনিবার সকালে সমিতির অফিস কক্ষে প্রধান অতিথি ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার কেক কেটে দিবসটির সূচনা করেন।

দিবসটি উপলক্ষে স্বাস্থ্য বিধি মেনে সমিতির অফিস কক্ষে আয়োজিত অনুষ্টানে বিশেষ অতিথি ছিলেন কালীগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী। কালীগঞ্জ ডায়াবেটিক সমিতির সাধারণ সম্পাদক গোলাম রসুলের সভাপতিত্বে উক্ত অনুষ্টানে আরো উপস্থিত ছিলেন, কালীগঞ্জ ক্রীড়া ফেডারেশনের সভাপতি বাবু অজিৎ কুমার ভট্টাচার্য, সোনার বাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবুপদ বিশ্বাস,

সাংবাদিক সোহেল আহম্মেদ, জামির হোসেন, আশিকুর রহমান সোহাগ, রিয়াজ মোল্লা, সমাজসেবক আব্দুল মতিন পাতা মিয়া ও ইফনুচ আলীসহ কালীগঞ্জ রিপ্রেজেন্টেটিভ এ্যাসোসিয়েশন (ফারিয়ার) সদস্যবৃদ।

কুষ্টিয়ায় মাস্ক না পরায় জেল ও জরিমানা

কুষ্টিয়ায় মাস্ক না পরায় মোঃ নিয়ামত ওরফে নিমাই (৫০) নামের এক ফল ব্যবসায়ীকে কারাদণ্ড প্রদান করেছে ভ্রাম্যমান আদালত। একই সাথে আরও ১১ জনকে জরিমানা করা হয়।

শনিবার সকাল থেকে বিকাল পর্যন্ত এই অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন কুষ্টিয়ার জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রিজু তামান্না।

এ সময় তিনি বলেন, মাস্ক পরে বাড়ির বাইরে বের হওয়া নিশ্চিত করতে কুষ্টিয়া জেলা প্রশাসন কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে। শনিবার শহরতলীর মঙ্গলবাড়ীয়া বাজারের এক ফল ব্যবসায়ীর মাস্ক ব্যবহার না করায় মোঃ নিয়ামত ওরফে নিমাই (৫০) নামের এক ব্যক্তিকে সংক্রামক রোগ প্রতিরোধ-নিয়ন্ত্রণ-নির্মূল আইন ২০১৮ ধারা মোতাবেক দুইদিনের কারাদণ্ড দেওয়া হয়।

এছাড়া একই আইনে আরও ১১জনকে বিভিন্ন অংকে মোট ৩ হাজার ৬শ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করা হয়।

কুষ্টিয়া জেলা প্রশাসনের উদ্যোগে প্রায় দিনই জেলা শহর ছাড়াও বিভিন্ন উপজেলায় ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করছেন। করোনাভাইরাসের দ্বিতীয় পর্যায়ের সংক্রমণ প্রতিহত করতে এমন ব্যবস্থা নেয়া হয়েছে। এমন অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

কুষ্টিয়ায় হযরত আলী (র:) কে অবমাননা: যুবক গ্রেফতার

কুষ্টিয়ার দৌলতপুরে হযরত আলী (রঃ) কে নিয়ে ফেসবুকে অশালীন পোস্ট দেয়ায় জীবন ওয়াহিদ নামে এক যুবককে গ্রেফতার করেছে দৌলতপুর থানা পুলিশ।

শনিবার (১৪ নভেম্বর) দুপুরে উপজেলার পিয়ারপুর ইউনিয়নের শেরপুর এলাকা থেকে তাকে আটক করা হয়।

সে শেরপুর গ্রামের মৃত তরিকুল ইসলামের ছেলে।

জানা যায়, শনিবার (১৪ নভেম্বর) বেলা ১২ টার দিকে শেরপুর জোড়া মসজিদ এলাকায় জীবন ওয়াহিদ ওরফে জীবন হযরত আলী (র:) সম্পর্কে অশালীন ও কুরুচিপূর্ণ পোস্ট দিয়ে স্থানীয় মুসল্লিদের তা দেখান। এতে স্থানীয় মুসল্লিগণ তীব্র ক্ষোভ প্রকাশ করেন এবং জীবন ওয়াহিদকে ধরে পুলিশে খবর দিলে পুলিশ তাকে আটক করে জেল হাজতে প্রেরণ করে।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহুরুল আলম জানান, ধর্মীয় অনুভূতিতে আঘাত করা ও এ নিয়ে অস্থিতিশীল পরিবেশ তৈরি চেষ্টার দায়ে জীবন ওয়াহিদের নামে মামলা হয়েছে।